



জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট

ফোন নং-০৫৭১-৬২২৭৪, ৬২৩০০
Website : www.pbs.joypurhat.gov.bd
E-mail: gmjoypurhatpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০২.০০৮.২১. ৬ ৬৮

তারিখঃ- ০৭ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২১ জানুয়ারী, ২০২১ ইং

“নিয়োগ বিজ্ঞপ্তি”

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন স্বাপেক্ষে অত্র পবিসের ওয়েব সাইটে (www.pbs.joypurhat.gov.bd) প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার- কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো-২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক বেতন, যা বেশী, তা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।	ক) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। খ) বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (১১-০২-২০২১ ইং তারিখ)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম- ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)গণ উক্ত পদে আবেদন করতে পারবেন। ঘ) প্রার্থীকে সং, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। ঙ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন স্বাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে নির্ধারিত মূল বেতনের সাথে একটি বার্ষিক প্রবৃদ্ধি প্রদান পূর্বক পরবর্তী বছরের মূল বেতন নির্ধারণ করা হবে। যা চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্ব পর্যন্ত চলমান থাকবে।

শর্তাবলীঃ-

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ-** জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইটে (www.pbs.joypurhat.gov.bd)
হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১১-০২-২০২১
ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড,
জয়পুরহাট বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে
লিখিত/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে
না।


০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক কালের তোলা রঞ্জিন ছবি।
- শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত অনুলিপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। যা এজিএম(প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলীঃ

- (ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।
- (খ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্রে প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।
- (গ) যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- (ঘ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।
- (ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।
- (চ) দুই বা তীর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।
- (ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (জ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (ঝ) জয়পুরহাট ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।


(মোঃ এনামুল হক প্রামানিক)
সিনিয়র জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস।

অনুলিপিঃ-(সদয় অবগতির জন্য)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/পঃ মঃ ও ব্যঃ (উঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ)।
- ০৬। জেলা প্রশাসক/পুলিশ সুপার, জয়পুরহাট।
- ০৭। ডিজিএম সদর-কারিগরি/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই জোনাল অফিস, জপবিস।
- ০৮। এজিএম -অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন, জপবিস।
- ০৯। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), জপবিস (বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১০। নোটিশ বোর্ড, জপবিস।

সিনিয়র জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস।

